গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

**হাইড্রোকার্বন ইউনিট এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.৩ নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরনী**

---

| | |
|---|---|
| সভাপতি | মো: শামীম খান<br>মহাপরিচালক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ০৪.০৯.২০২৩ |
| সভার সময় | **সকাল-১১.৩০ ঘটিকা** |
| স্থান | **অনলাইন,জুম কনফারেন্স** |
| উপস্থিতি | **পরিশিষ্ঠ-ক** |

সভাপতি হাইড্রোকার্বন ইউনিট এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.৩ নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান।

২.১ সভাপতির অনুমতিক্রমে হাইড্রোকার্বন ইউনিটের সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) দেবব্রত দাস সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভাপতি বলেন হাইড্রোকার্বন ইউনিট মূলত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের টেকনিক্যাল উইং হিসেবে কাজ করে থাকে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানগুলো আমাদের স্টেকহোল্ডার। পরস্পরের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ার প্ল্যাটফরম তৈরি করে স্টেকহোল্ডার মিটিং। তিনি টেকনিক্যালী হাইড্রোকার্বন ইউনিটের কার্য পরিধি বাড়ানো, অংশীজনদের সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারণ এবং সুপারিশ প্রণয়নের বিষয়ে সবাইকে সম্পৃক্ত হওয়ার আহবান জানান। তিনি বলেন শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ নং সূচকে“সুশাসন প্রতিষ্ঠার জন্য অংশীজনের অংশগ্রহণে সভা”র একটি লক্ষ্যমাত্রা দেয়া আছে। উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটের এই ষ্টেকহোল্ডার মিটিং এর আয়োজন করা হয়েছে। অতঃপর তিনি ষ্টেকহোল্ডারগণের নিকট থেকে মতামত আহবান করেন।

২.২
বিস্ফোরক পরিদপ্তর এর উপ-প্রধান বিস্ফোরক পরিদর্শক ড. হান্নান হাইড্রোকার্বন ইউনিটের কার্যক্রমের প্রতি সন্তোষ প্রকাশ করেন। প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালার বিভিন্ন প্রসঙ্গ এবং পেট্রোল পাম্প এবং সিএনজি স্টেশন পরিদর্শন নিয়ে আলোচনা করেন।

২.৩ বিপিসি থেকে সংযুক্ত প্রতিনিধি তথ্য বিনিময়ে সহযোগিতার ক্ষেত্র আরো সম্প্রসারিত হওয়ার বিষয়ে মত প্রকাশ করেন।

২.৪ জিএসবির প্রতিনিধি উপ-পরিচালক ড.বজলুর রহমান বলেন জিএসবি এবং হাইড্রোকার্বন ইউনিট টেকনিক্যাল ইনস্টিটিউট। হাইড্রোকার্বন ইউনিট ও জিএসবি data dissemination করতে পারে। তিনি হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত সেমিনারে জিএসবির গুরুত্বপূর্ণ রিসার্চ সংক্রান্ত বিষয়গুলো উপস্থাপন করার বিষয়ে মত প্রকাশ করেন।

২.৫ চ্যানেল আই এর সাংবাদিক মিথিলা নাজনীন হাইড্রোকার্বন ইউনিটের শুদ্ধাচার কার্যক্রম আরো জনসম্পৃক্তকরণ এবং হাইড্রোকার্বন ইউনিটের সাথে অংশীজন হিসেবে কাজ করার ক্ষেত্রসমূহের বিষয়ে জানতে চাইলে সভাপতি হাইড্রোকার্বন ইউনিটের সেমিনারসমূহে অংশগ্রহণ ও মতামত প্রদান করার কথা বলেন।

৩.০ সভায় সকলের অংশগ্রহণের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১. হাইড্রোকার্বন ইউনিট ও জিএসবি data dissemination করতে পারে এবং হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত সেমিনারে জিএসবির গুরুত্বপূর্ণ রিসার্চ সংক্রান্ত বিষয়গুলো উপস্থাপন করা যেতে পারে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

২১-০৯-২০২৩
মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)
৮৩৯১০৭৫
hcu@hcu.org.bd

**নম্বর:** ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.৯৩৪

তারিখ: ৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক (অতি:দায়িত্ব) (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৬। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর;
৭। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স);
৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল);
১০। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
১১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
১২। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড;
১৩। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড;
১৬। ম্যানেজিং ডাইরেক্টর, ম্যানেজিং ডাইরেক্টরের দপ্তর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড;
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড;
১৮। নির্বাহী পরিচালক, চ্যানেল আই এবং
১৯। অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।।

২১-০৯-২০২৩
মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)